দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 10 JUL 1989
পৃষ্ঠা 1 কলাম 3

৬৩

6

# প্রাথমিক শিক্ষক রেস্টহাউস হবে: এরশাদের নির্দেশ

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের নেতৃত্বে সমিতির একটি প্রতিনিধি দল রোববার ঢাকায় প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট হুসেইন মহম্মদ এরশাদের সঙ্গে দেখা করেন।

পাকশী মহাসম্মেলনে প্রাথমিক শিক্ষকদের কল্যাণে দেয়া প্রতিশ্রুতি প্রেসিডেন্ট পূরণ করায় প্রতিনিধি দলের সদস্যরা তাঁকে ধন্যবাদ জানান। খবর

(শেষ পৃ: ৭-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষক

(১-এর পৃঃ পর)

বাসসর।

সংবিধান (নবম সংশোধনী) বিল ১৯৮৯ উপস্থাপন তিনটি পার্বত্য জেলায় শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠান এবং বৃহত্তর ঢাকা বন্যা নিয়ন্ত্রণ কর্মসূচীসহ দেশব্যাপী বন্যা রোধ ব্যবস্থা দ্রুত বাস্তবায়নের জন্য তাঁরা দেশের প্রাথমিক শিক্ষকদের পক্ষ থেকে প্রেসিডেন্ট এরশাদ সরকারকে ধন্যবাদ জানান।

নিরক্ষরতা দূরীকরণ সম্প্রসারিত টিকাদান কর্মসূচী বনায়ন ও পরিবার পরিকল্পনা কর্মসূচী কার্যকরভাবে বাস্তবায়নে সরকারকে সাহায্য করতে এগিয়ে আসার জন্য প্রেসিডেন্ট প্রাথমিক শিক্ষকদের প্রতি আহবান জানান।

বৈঠকে জানানো হয় প্রাথমিক বিদ্যালয়সমূহের সহকারী প্রধান শিক্ষকের পদ সৃষ্টি করা হচ্ছে।

প্রেসিডেন্ট প্রাথমিক শিক্ষকদের জন্য রেস্টহাউস কমপ্লেক্স নির্মাণের উদ্দেশ্যে কক্সবাজারে একখন্ড জমি বরাদ্দের ব্যবস্থা করতে শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেন।

উপপ্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ এবং শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম এ সময়ে উপস্থিত ছিলেন।